# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) নতুনদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গাডকারীর সঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার সাক্ষাৎ/ রাজ্যের বিভিন্ন পরিকাঠামো প্রকল্প নিয়ে আলোচনা/

(২) ধানক্রয়ের ক্ষেত্রে আসামের সর্বকালের রেকর্ড/ রাজ্যজুড়ে শস্যবীমা সপ্তাহ/

(৩) গ্রীষ্মের বন্ধে বাধ্যতামূলকভাবে ক্লাস নেওয়া সংক্রান্ত বিষয়ে কোনো নির্দেশ দেওয়া হয়নি বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর স্পষ্টীকরণ/

(৪) কাছাড় জেলার সবকটি আঞ্চলিক পঞ্চায়েতে আগামী ১৪ থেকে ১৭ জুলাই পর্যন্ত সভাপতি এবং সহ-সভাপতি নির্বাচন সহ অন্যান্য বিষয়ের প্রথম সভা/

এবং

(৫) হাইলাকান্দির ভিক্টোরিয়া মেমোরিয়াল সরকারি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বাংলার পাশাপাশি ইংরেজি মাধ্যমে অধ্যয়নের বিষয়ে রাজ্যসরকারের অনুমতি প্রদান/

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী নীতিন গাডকারীর সংগে সাক্ষাৎ করে রাজ্যে সংশ্লিষ্ট ক্ষেত্রে পরিকাঠামো প্রকল্পগুলি সম্পর্কে আলোচনা করেন । বৈঠকে মুখ্যমন্ত্রী ড: শর্মা প্রকল্পগুলির কাজ সময়মতো সম্পূর্ন করার জন্য পরিবহন মন্ত্রনালয়ের সহযোগীতা কামনা করেন ।কেন্দ্রীয় মন্ত্রী প্রকল্পগুলির কাজ নির্ধারিত সময়ে ও দক্ষতার সংগে সম্পূর্ন করার জন্য জাতীয় সড়ক মন্ত্রনালয় সহায়তা করবে বলে আশ্বাস প্রদান করেন । তিনি এই প্রকল্পগুলি আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা সুদৃঢ করা সহ বানিজ্য সড়কগুলির সম্প্রসারন হয়ে উত্তরপূর্বাঞ্চলের অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করবে বলে মন্তব্য করেন ।

মুখ্যমন্ত্রী ড: শর্মা আজ ষোড়শ অর্থ কমিশনের অধ্যক্ষ অরবিন্দ পানাগারিয়ার সংগে ও দেখা করেন ।তিনি আসামে তহবিল হস্তান্তরের বিষয় নিয়ে ও আলোচনা করেন ।

মুখ্যমন্ত্রী আজ লাইফ কেয়ার লিমিটেডের অধ্যক্ষ শ্রীজয়েশ সাইনির সংগে ও রাজ্যের দ্রুত বিকাশশীল স্বাস্থ্য সেবা ক্ষেত্রে অংশ গ্রহণের উদ্দেশ্যে সাক্ষর করা সমঝোতা চুক্তি রুপায়ন সম্পর্কে আলোচনা করেন । এদিকে আই সি আই সি আই ফাউন্ডেশন ও আই সি আই সি আই ব্যাংকের একটি প্রতিনিধি দল আজ মুখ্যমন্ত্রীর সংগে দেখা করে আসামে ব্যবসায়িক ক্ষেত্রে সামাজিক দায়বদ্ধতার প্রচেষ্টা সম্পর্কে আলোচনা করেন । বৈঠকে রাজ্য সরকার ও আই সি আই সি আই ফাউন্ডেশন যৌথ সহযোগীতায় ব্যবসায়িক সামাজিক দায়বদ্ধতার প্রচেষ্টাগুলি অধিক শক্তিশালী করে ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের জন্য ঋণ নেওয়া প্রক্রিয়া অধিক সহজ করার বিষয়ে গুরুত্ব আরোপ করে আলোচনা করে।

-----------------------------------------------------------------------------------

রাজ্য সরকার বন্যা ও নদীভাংগন সমস্যা সমাধানের জন্য আধুনিক প্রযুক্তিতে বাঁধ নির্মাণ প্রক্রিয়া অব্যাহত রেখেছে । জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা আজ সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের সংগে জনতা ভবনে এক বৈঠকে মিলিত হয়ে এই ব্যবস্থা সম্পর্কে খোজ নেন । প্রতিটি জেলার বাস্তুকাররা এই বৈঠকে ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে অংশ গ্রহণ করেন । মন্ত্রী বৈঠকে রাজ্যের বন্যা , নদীভাংগন সমস্যা রোধ করার জন্য কার্যকর হোয়া প্রকল্পগুলির বর্তমান স্থিতি , অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করেন ।প্রত্যেকটি জেলাতে পর্যাপ্ত সামগ্রী প্রেরণের ক্ষেত্রে তিনি বৈঠকে গুরুত্ব আরোপ করেন । তিনি সরকারী প্রকল্পগুলি রুপায়নের ক্ষেত্রে সরকারী অর্থের যাতে অপচয় নাহয় সে দিকে সচেতন হতে আধিকারিকদের প্রতি আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

ধানক্রয়ের ক্ষেত্রে আসাম সর্বকালের রেকের্ড সৃষ্টি করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন যে- এপর্যন্ত খারিফ শস্যের বিপণন কালে ২০২৪-২৫ বর্ষে ৬ লক্ষ ৯৭ হাজার মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে । মুখ্যমন্ত্রীর প্রকাশ করা তথ্য অনুসারে ২০২৩-২৪ বর্ষে তিনলক্ষ ১৪ হাজার মেট্রিকটন এবং ২০২২-২৩ বর্ষে ৫ লক্ষ ৯২ হাজার মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছিল । কৃষকদের জন্য ন্যুনতম সমর্থন মূল্য নিশ্চিত করা এবং সরকারের পক্ষ থেকে বাজারের সঙ্গে সংযোগ নিশ্চিত করার জন্যই এই সাফল্য লাভ করাটা সম্ভব হয়েছে বলে মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমযোগে উল্লেখ করেছেন ।

---

রাজ্যের প্রতিটি জেলায় সপ্তাহব্যাপী কার্যসূচীর মাধ্যমে শস্যবীমা সপ্তাহ-২০২৫ অনুষ্ঠিত হচ্ছে । প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার অধীনে কেন্দ্রীয় সরকার, রাজ্যসরকার এবং বীমা কোম্পানির উদ্যোগে কৃষকদের মধ্যে শস্য বীমার বিসয়ে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে চালানো এই অভিযানের অধীনে প্রতিটি কৃষি উন্নয়ন চক্রে পঞ্চায়েত ভিত্তিতে প্রচার অভিযান রূপায়ণ করা হয়েছে । এই অভিযানের অধীনে সংশ্লিষ্ট আধিকারিকরা কৃষকদের শালিধান, পাট, মাসকলাইর মতো খারিফ শস্যের বীমা সম্পর্কে অবগত করান । তারা এই বীমার সুবিধা গ্রহণ করে কিভাবে উপকৃত হতে পারবে, সেই বিষয়েও আলোকপাত করা হয় ।

---

গ্রীষ্মের বন্ধের সময়ে কোনোধরণের বাধ্যতামূলক ক্লাসের জন্যে বিদ্যালয় শিক্ষা বিভাগ বা সমগ্র শিক্ষা অভিযান কোনো নির্দেশনা জারি করে নি বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু জানিয়েছেন । তবে তিনি বিদ্যালয় পরিচালনা সমিতি এবং বিদ্যালয় পরিচালনা তথা উন্নয়ন সমিতিকে গ্রীষ্মের বন্ধের সময়ে স্বেচ্ছায় আগ্রহী শিক্ষকদের দিয়ে বিভিন্ন ক্লাসের পরিপূরক পাঠদান এবং বিনোদনমূলক কার্যকলাপ আয়োজনের পরামর্শ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন । এর আগেও বিদ্যালয়গুলি এধরণের পদক্ষেপ গ্রহণ করেছে বলে ডাঃ পেগু উল্লেখ করেছেন ।

---

গতবছরের ৩০শে মে’তে প্রবর্তন করা সোনালী ঘণ্টা জরুরীকালীন পরিচর্যা প্রকল্পের অধীনে দুহাজার ৬৫৭টি সড়ক দুর্ঘটনার বলি লোককে নগদ অর্থ বিহীন চিকিৎসা প্রদান করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । তাৎক্ষণিক চিকিৎসার দ্বারা জীবন রক্ষা করার উদ্দেশ্যে আরম্ভ করা এই প্রকল্পের অধীনে রাজ্যের বিভিন্ন প্রান্তের ৪৬টি হাসপাতালে সাতদিন দেড়লক্ষ টাকা পর্যন্ত নগদ অর্থ বিহীন চিকিৎসা প্রদান করা হয় । সময়মতো চিকিৎসা সাহায্য সুনিশ্চিত করার উদ্দেশ্যে চিকিৎসার জন্য দুই কোটি ৭০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে ।

---

গোলাঘাটে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার বাহন লক্ষ্য করে বোতল নিক্ষেপ করার ঘটনা সম্পর্কে এপর্যন্ত ছ’জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে এই জেলার পুলিশ সুপার রাজেন সিং আজ সাংবাদিকদের জানিয়েছেন । এই ঘটনার পরিপ্রেক্ষিতে রাহুল ফুকনকে জেলে পাঠানো হয়েছে এবং মূল অভিযুক্ত দীপাংকর ডেকা, ঋষিরাজ বারতিয়াল, প্রাণহরি

ফুকন, পংকজ গগৈ এবং অরিন্দম বরি'কে গ্রেপ্তার করা হয়েছে । পুলিশ এই ঘটনা সম্পর্কে নিজে থেকেই মামলা দায়ের করে তদন্ত অব্যাহত রেখেছে । এই ঘটনার জন্য আরো একটি মামলা দায়ের করা হবে বলে পুলিশ সুপার শ্রী সিং সাংবাদিকদের জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক প্রনব কুমার বরা এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আগামী ১৪ই জুলাই থেকে ১৭ই জুলাই পর্য্যন্ত জেলার ১৫টি আঞ্চলিক পঞ্চায়েতে প্রথম সভা অনুষ্ঠিত হবে । এই সভাগুলিতে নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহন এবং আঞ্চলিক পঞ্চায়েতগুলির সভাপতি ও সহ-সভাপতিদের নির্বাচন অনুষ্ঠিত হবে । প্রতিটি সভা সুষ্ঠভাবে পরিচালনার জন্য আধিকারীক নিয়োগ করা হয়েছে এবং সভাগুলি সকাল সাড়ে ১১টায় শুরু হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা বিভাগ হাইলাকান্দির ঐতিহ্যবাহী সরকারি ভিক্টোরিয়া মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বাংলার পাশাপাশি ইংরেজি মাধ্যমে অধ্যয়নের অনুমতি প্রদান করেছে । হাইলাকান্দি জেলার শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায় আজ এক বৈঠকে একথা জানিয়েছেন । তিনি জানান যে- ১৯০৩ সালে স্থাপিত হাইলাকান্দির এই বিদ্যালয়কে পুনরুজ্জীবিত করতে রাজ্যের শিক্ষা বিভাগ এই বিদ্যালয়ে বাংলার পাশাপাশি ইংরেজি মাধ্যমেও পাঠদানের সুবিধা করে দিয়েছে । আগামী শিক্ষাবর্ষ থেকে এই বিদ্যালয়ে নতুন সুবিধাটি চালু হবে । রাজ্যের শিক্ষা বিভাগের সচিব মনোরঞ্জন তালুকদার আজ এই মর্মে এক নির্দেশ জারি করেছেন ।

শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায় জানান, বাইট-------------

---------------------------------------------------------------------------------------

বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস উপলক্ষে শিলচর জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে আজ কাছাড় জেলার বেশকয়েকজন সাংবাদিককে সংবর্ধনা জানানো হয়েছে । ক্রীড়া সাংবাদিকতার ক্ষেত্রে তাদের অবদান এবং স্থানীয় স্তরে খেলাধূলার উন্নয়নে তাদের ভূমিকার স্বীকৃতি স্বরূপ জেলার বিভিন্ন সংবাদ মাধ্যমের সাংবাদিকদের সংবর্ধনা দেওয়া হয়েছে । যেসব ক্রীড়া সাংবাদিককে সংবর্ধনা দেওয়া হয়েছে তারা হচ্ছেন- রতন দেব, দ্বিজেন্দ্রলাল দাস, উত্তম চৌধুরী, বিকাশ দেব, অনির্বাণজ্যোতি দেব, শুভেন্দু দাস, সায়ন বিশ্বাস, রবি হাজাম, কিঙ্কর দাস, অভিজিৎ ভট্টাচার্য, সুদীপ সিং, হিমাংশু দে, ডঃ

অরিন্দম গুপ্ত, আশিস দাস, সঞ্জীব সিং, পার্থ শীল, দীপক কুমার পাল, সঞ্জীব ভট্টাচার্য, সাকুল ইসলাম মজুমদার এবং শঙ্কু শর্মা ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে জেলার যুব সমাজকে মাদকমুক্ত করতে বিভিন্ন সচেতনতামূলক কার্য্যসূচী গ্রহন করা হয়েছে । জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব সালমা সুলতানার পৌরহিত্যে গত ২৯শে জুন লক্ষীপুরের সিঙ্গেরবন্দ কমিউনিটি হলে অনুষ্ঠিত এক সভায় মাদক বিরোধী আইনী সহায়তা নিয়ে আলোচনা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন ও জেলা সমাজ কল্যান বিভাগের উদ্যোগে গতকাল শিলচর মেহেরপুরের বিপ্লবী উল্লাসকর দত্ত বিদ্যাভবনে নেশামুক্ত ভারত অভিযানের অংশ হিসেবে আয়োজিত সভায় জেলা সমাজ কল্যান আধিকারীক অঞ্জলী কুমারী বলেন যে মাদকাশক্তিকে এখন শুধুমাত্র ব্যাক্তিগত সংগ্রাম হিসেবে দেখা হয়না, এটি একটি সমাজিক লড়াই এ পরিগনিত হয়েছে । শ্রীমতি কুমারী আরো বলেন যে কিশোর-কিশোরীদের মাদক মুক্ত করতে পরিবার, বিদ্যালয় , প্রশাসন এবং নাগরিক সমাজকে সম্মিলিত পদক্ষেপ গ্রহন করতে হবে । সভায় ক্লিনিকেল সাইকোলজিষ্ট ডক্টর মিঠুন রায় , আর্ট অফ লিভিং এর পক্ষে রেশমী পুরকায়স্থ প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------